গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন- ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

স্মারক নং-৩২.০০.০০০০.০১৮.১১.০০৬.২৩.৫৬৮

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০ / ০৫ অক্টোবর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://mowca.teletalk.com.bd ওয়েব সাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ০৬ (ছয়) টি | **ক.** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং **খ.** কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | রাঙামাটি, রাজশাহী, সাতক্ষীরা, দিনাজপুর ও হবিগঞ্জ। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ০৮ (আট) টি | **ক.** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; **খ.** কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; **গ.** সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ; **ঘ.** কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ; **ঙ.** কম্পিউটার এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে এবং **চ.** কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৩. | ক্যাশিয়ার (গ্রেড-১৪) বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক) টি | **ক.** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি এবং **খ.** কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০৭ (সাত) টি | **ক.** কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; **খ.** কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ; **গ.** কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং **ঘ.** কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৫. | অফিস সহায়ক (গ্রেড-২০) বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | ১৮ (আঠারো) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | টাঙ্গাইল, শরীয়তপুর, বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম ও নেত্রকোণা। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

০১। **অনলাইনে আবেদন করার ক্ষেত্রে প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. **০১/১০/২০২৩** খ্রি. তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার (নাতি-নাতনি) বয়সসীমা ১৮ হতে ৩০ বছর। তবে, বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বিভাগীয় প্রার্থীর (একই নিয়োগ বিধির আওতায় নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত কর্মচারী) ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য (শুধুমাত্র ১-৪ ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রযোজ্য)। বয়স প্রমানের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন ☑ দিতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এতদ্‌সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ বিষয়ে সর্বশেষ নির্দেশনা অনুসরণ করা হবে।

ঙ. এ নিয়োগ বিজ্ঞপ্তির বর্ণিত ছকের ১ ক্রমিকের শূন্যপদ পূরণে "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯", ০২, ০৪ ও ০৫ নং ক্রমিকের শূন্যপদ পূরণে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২০)" এবং ০৩ নং ক্রমিকের শূন্যপদ পূরণে "মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" অনুসরণ করা হবে।

চ. কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু ব্যবহারিক পরীক্ষা এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

ছ. ক্যাশিয়ার ও অফিস সহায়ক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

জ. অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

০২। **আবেদন করার সময়সীমা:**

ক. অনলাইনে আবেদন পত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর **তারিখ : ১৫/১০/২০২৩ খ্রি. সময় : সকাল ০৯.০০ টা।**

খ. অনলাইনে আবেদন পত্র জমাদানের শেষ **তারিখ : ০৪/১১/২০২৩ খ্রি. সময় : বিকাল ০৪.০০ টা।**

গ. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যে কোন Teletalk Pre-Paid Mobile থেকে এসএমএস করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

০৩। **অনলাইনে আবেদনপত্র পূরণের নিয়মাবলি:**

ক. প্রার্থীগণ http://mowca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর সাম্প্রতিক তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. এতিম ও শারীরিক প্রতিবন্ধী, মহিলা, বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, বীর মুক্তিযোদ্ধার/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও আনসার ভিডিপি কোটার প্রার্থীদের প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন ☑ দিতে হবে।

(ঙ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

০৪। **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন।

উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে **বর্ণিত ছকে ১, ২, ৩ ও ৪ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/- টাকা এবং ৫ নং ক্রমিকের পদের জন্য ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

**SMS প্রেরণের নমুনা:**

**প্রথমত:** **SMS: MOWCA**<space>**User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

**Example: MOWCA ABCDEF** and Send to 16222

**Reply:** Applicant's Name, TK. 223 or 112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MOWCA <Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয়ত:** **SMS: MOWCA**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example: MOWCA Yes 12345678**

**Reply:** Congratulations Applicant's Name, Payment completed successfully for MOWCA Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

০৫। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mowca.teletalk.com.bd অথবা মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mowca.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করা বাঞ্ছনীয়।

০৬। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র/ ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

০৭। শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **MOWCA**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

**Example: MOWCA A Help User ABCDEF** & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: **MOWCA**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
**Example: MOWCA Help PIN 12345678** & Send to 16222.

০৮। **প্রার্থীর যোগ্যতা যাচাই:** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। অন-লাইনে বাছাইকৃত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং **সকল কাগজপত্রের এক সেট সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।** সকল কাগজপত্রের ফটোকপি/ প্রত্যয়ন সরকারি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

খ. কম্পিউটার মুদ্রাক্ষরে দক্ষতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

গ. চাকরির আবেদন ফরমে প্রার্থীর বর্ণিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌর সভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত (নিজ জেলা উল্লেখ করত) নাগরিকত্ব সনদপত্র;

ঘ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীর সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্র;

ঙ. প্রার্থী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অনলাইন কপি অথবা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। এছাড়া আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার (নাতি-নাতনি) প্রমাণক

হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর সভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং প্রার্থীর পিতা, মাতার জাতীয় পরিচয়পত্র;

চ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ছ. জাতীয় পরিচয়পত্র/ জন্মসনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

জ. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

০৯। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর Website : www.mowca.gov.bd ওয়েবসাইটে অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/mowca ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://mowca.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে। Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১০। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও alljobs.query@teletalk.com.bd এবং jsadmin@mowca.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: **MOWCA,** Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

১১। ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১২। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। উপরে উল্লেখ করা হয়নি এমন কোনো বিধি-বিধান সরকার কর্তৃক জারী করা হলে তা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৫। কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একজন প্রার্থী কেবল একটি পদের জন্য আবেদন করতে পরবেন।

১৬। **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৭। উপরোক্ত শর্তাবলির যে কোনো অংশে সংশোধন, সংযোজনসহ যে কোনো আবেদনপত্র গ্রহণ/ বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**বি. দ্র. পূর্বের ১২/১২/২০১৫ তারিখে দৈনিক সমকাল ও ১৩/১২/২০১৫ তারিখের দৈনিক ইত্তেফাক পত্রিকায় স্মারক নং-৩২.০০.০০০০. ০১৮. ১৮. ০২০. ১৫- ৯৪২, তারিখ: ১০/১২/২০১৫ এর আলোকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির যাবতীয় কার্যক্রম এতদ্দ্বারা নির্দেশক্রমে বাতিল করা হলো।**

০৩/১০/২০২৩

মুহাম্মদ ওয়াহিদুজ্জামান *এনডিসি*
অতিরিক্ত সচিব (প্রশাসন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ/ পদোন্নতি/ উচ্চতর গ্রেড প্রদান
কমিটি